

যুগ্মসচিব
আইসিটি ও সমন্বয় এর দপ্তর
উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) / সিস্টেম এনালিস্ট
ডায়েরী নং: ২৯২ তারিখ: ১/৫/২০
স্বাক্ষর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
শুজলা অধিশাখা

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১২-৯৪৪

তারিখ: ০৬ মে ২০১৩
২৩ বৈশাখ ১৪২০

প্রজ্ঞাপন

জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৪০), সড়ক ও জনপথ অধিদপ্তরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক প্রজ্ঞাপন মূলে ১৮তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে নিয়োগ দেয়া হয়। সে প্রেক্ষিতে তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে গত ২৫-০১-১৯৯৯ তারিখে যোগদান করেন;

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৪০)-এর চাকুরী স্থায়ী না হতেই তাঁর আবেদনের প্রেক্ষিতে যোগাযোগ মন্ত্রণালয় হতে বিগত ০৮/১২/১৯৯৯ তারিখের আরএইচই/চপি-১৪/৯৯-৪৪১ নম্বর স্মারকমূলে যুক্তরাষ্ট্রস্থ অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটিতে ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে এম.এস অধ্যয়নের জন্য ২৬-১২-১৯৯৯ হতে ২৫-১২-২০০১ তারিখ পর্যন্ত ২(দুই) বছরের জন্য শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে পুনরায় ০৬-০১-২০০২ তারিখ আরএইচই/চপি-১৪/৯৯-৩ সংখ্যক স্মারকমূলে একই বিশ্ববিদ্যালয়ে পি. এইচ. ডি. অধ্যয়নের জন্য ২৬-১২-২০০১ হতে ২৫-১২-২০০৪ তারিখ পর্যন্ত আরো ৩ (তিন) বছরের জন্য বিনা বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী মঞ্জুরীকৃত অধ্যয়ন ছুটি ২৫-১২-২০০৪ তারিখ শেষ হলেও দেশে প্রত্যাবর্তন না করে গত ২৬-১২-২০০৪ তারিখ হতে চাকুরিতে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৪০) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-১২-১৯৯৮ তারিখের সম/ননি/১-৮/৯৮-২১১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-ঘ এর শর্ত অনুযায়ী ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে চাকুরী করেননি এবং একই প্রজ্ঞাপনের একই অনুচ্ছেদের শর্ত অনুযায়ী সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাইবে;


যেহেতু, জনাব মোঃ জাভেদ বারী কে চাকুরি হতে অপসারণ (removal from service)- এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয় এবং মহামান্য রাষ্ট্রপতি এতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

পূর্ব পাতার পর-

সেহেতু, জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৪০), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৬-১২-২০০৪ থেকে চাকুরি হতে অপসারণ (removal from service) করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(এম, এ, জন, ছিদ্দিক)
সচিব

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১২-১৪৪/১(১৩)

তারিখ : ০৬ মে ২০১৩
২৬ বৈশাখ ১৪২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
- ৯। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৪। জনাব মোঃ জাভেদ বারী, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫৪৪০), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।



(যাহিদা খানম)
উপসচিব

ফোনঃ ৭১৭২৩৪২।